

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২০/৪/২-১

করোনা পরিস্থিতিতে পোল্ট্রি ও ডেইরি খাতের সংকট মোকাবেলায় কন্ট্রোল রুম চালু করছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

ঢাকা, ০২ এপ্রিল ২০২০ (বৃহস্পতিবার)

করোনা পরিস্থিতিতে পোল্ট্রি ও ডেইরি খাতের সংকট মোকাবেলায় শনিবার (০৪ এপ্রিল) থেকে রাজধানীর ফার্মগেটের প্রাণিসম্পদ অধিদপ্তরে কন্ট্রোল রুম চালুর সিদ্ধান্ত নিয়েছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এ কন্ট্রোল রুম পরিচালিত হবে। কন্ট্রোল রুমে পোল্ট্রি ও ডেইরি খাতে উদ্ভূত সমস্যা তথা দুধ, ডিমসহ পোল্ট্রি ও ডেইরি পণ্য ও খাদ্য পরিবহন, বিপণনসহ এ সংক্রান্ত সমস্যা হটলাইনের মাধ্যমে তাৎক্ষণিক সমাধানে উদ্যোগ গ্রহণ করা হবে।

একইসাথে করোনাভাইরাস নিয়ে পোল্ট্রি মাংস, দুধ ও ডিম সম্পর্কিত গুজবে বিভ্রান্ত না হওয়া এবং করোনা মোকাবেলায় রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে মাংস, দুধ ও ডিমের ভূমিকা তুলে ধরে মন্ত্রণালয়ের লাইভস্টক ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় গণমাধ্যমে গণবিজ্ঞপ্তি প্রকাশ ও টিভিসি প্রচারের মাধ্যমে জনসচেতনতামূলক প্রচারণা কার্যক্রম চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে মন্ত্রণালয়। এছাড়া প্রাণিসম্পদ খাতের সমস্যাসমূহ সমাধানে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হবে মর্মেও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বৃহস্পতিবার (০২ এপ্রিল) রাজধানীর ফার্মগেটে প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও প্রাণিসম্পদ অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজনদের জরুরী মতবিনিময় সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব রওনক মাহমুদের সভাপতিত্বে সভায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী ওয়াছি উদ্দিন, উপসচিব ডা. অমিতাভ চক্রবর্তী, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডাঃ আবদুল জব্বার শিকদার, ওয়াপসা-বাংলাদেশ, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল, বাংলাদেশ ডেইরি ফার্মারস অ্যাসোসিয়েশন, অ্যানিমেল হেলথ কোম্পানিজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (আহকাব), ফিড ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন ও ফিড ইনগ্রেডিয়েন্টস আমদানিকারক সমিতির নেতৃবৃন্দ এবং বেঞ্জল মিট, কোয়ালিটি ফিড ও আনোয়ার গ্রুপের প্রতিনিধিবৃন্দ এসময় সভায় উপস্থিত ছিলেন।

সভায় সংগঠনের নেতৃবৃন্দ বর্তমান পরিস্থিতিতে পোল্ট্রি ও ডেইরি খাদ্য সরবরাহে বাধা, মুরগীর বাচ্চা বিক্রি সমস্যা, পোল্ট্রি খাদ্য উপকরণ আমদানি ছাড়করণ জটিলতা ও ল্যাব টেস্ট সমস্যা, পোল্ট্রি মাংস খেতে মানুষের অনাগ্রহসহ বিভিন্ন সমস্যা তুলে ধরে তা সমাধানে দ্রুত পদক্ষেপ নেয়ার অনুরোধ জানান। এ সংক্রান্ত সমস্যা সমাধান ও সৃষ্ট ক্ষতিপূরণে সরকারের পক্ষ থেকে সাধ্যমত সবকিছু করার আশ্বাস দেন মৎস্য ও প্রাণিসম্পদ সচিব।

এসময় মন্ত্রণালয়ের চেষ্ঠায় পোল্ট্রি ও মৎস্য খাদ্যের আমদানীকৃত কাঁচামালের পরীক্ষাগার পিআরটিসি ল্যাব রবিবার থেকে চালু হবে বলে সভায় জানানো হয়।

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০